

# Press Release on Arrival of Prime Minister to Dhaka

March 26, 2021

---

## ঢাকায় পৌঁছলেন প্রধানমন্ত্রী

মার্চ 26, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে ঢাকায় পৌঁছেছেন। শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী মুজিব বর্ষ উদযাপনের প্রেক্ষিতে প্রধানমন্ত্রীর এই সফর ঐতিহাসিক। একই সঙ্গে, প্রতিবেশী এই দুই দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 50 বছর পূর্তি তথা বাংলাদেশের মুক্তিযুদ্ধের অর্ধশতবার্ষিকীও উদযাপিত হচ্ছে।

সৌজন্যের এক অনন্য নজির হিসাবে সেদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা সহ তাঁর মন্ত্রিসভার অন্যান্য মন্ত্রীরা হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রধানমন্ত্রী শ্রী মোদীকে স্বাগত জানান।

প্রধানমন্ত্রী শ্রী মোদীকে 19 টি বন্দুকের তোপধ্বনির মাধ্যমে সম্মান জানানো হয়।

ঢাকা

মার্চ 26, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.